

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরে বাংলা নগর, ঢাকা
www.mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.০৪০.১৫.০৪৮.১৪.৪

তারিখ: ২২ পৌষ ১৪২২
৫ জানুয়ারি ২০১৬

প্রাপক: ফারজানা সুলতান
পিতা- মোঃ বিলায়েত হোসেন
মাতা-হোসনে আরা বেগম
গ্রাম- বিরাসী
ডাকঘর-খামারের বাজার
থানা/উপজেলা- মুক্তাগাছা
জেলা- ময়মনসিংহ

বিষয়: বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের 'সহকারী আবহাওয়াবিদ' পদের নিয়োগপত্র।

নির্দেশক্রমে বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের ৭ জুলাই ২০১৫ তারিখের ৮০.৩০১(গোপনীয়)/অংশ-১৯৬৫/২০১৫/১১৫ সংখ্যক পত্রের মাধ্যমে সুপারিশকৃত বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের ১ম শ্রেণীর 'সহকারী আবহাওয়াবিদ' পদে সরাসরি নিয়োগের জন্য মনোনয়নকৃত এবং পুলিশ ভেরিফিকেশন ও স্বাস্থ্য পরীক্ষার সনদ প্রাপ্তির ভিত্তিতে সরকারি বিধি অনুযায়ী প্রাপ্য সুবিধাসহ জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী টাকা ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) বেতনক্রমে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের 'সহকারী আবহাওয়াবিদ' পদে ফারজানা সুলতানকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হল:


- (ক) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। চাকুরিতে যোগদানের তারিখ থেকে ২(দুই) বছর তিনি শিক্ষানবিশ থাকবেন। শিক্ষানবিশকাল শেষ হওয়ার পর সন্তোষজনক চাকুরির রেকর্ডের ভিত্তিতে তাকে নিয়মিত করা হবে। প্রয়োজনবোধে এ সময়সীমা আরও ২(দুই) বছর পর্যন্ত বর্ধিত করা হবে। শিক্ষানবিশকালের মধ্যে তীর কাজকর্ম সন্তোষজনক বিবেচিত না হলে কর্তৃপক্ষ তীর নিয়োগ বাতিল করতে পারবেন;
- (খ) তাকে আবহাওয়া অধিদপ্তর কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর কর্তৃক প্রণয়নকৃত প্রশিক্ষণ কর্মসূচীতে সফলতার সাথে উত্তীর্ণ হওয়ার ওপর তীর চাকুরিতে বহাল থাকা, ভবিষ্যৎ পদোন্নতি এবং স্থায়ী হওয়া নির্ভর করবে;
- (গ) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী বিধায় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে শিক্ষানবিশকালে অথবা চাকুরি স্থায়ী হওয়ার পূর্ব পর্যন্ত যে কোন সময়ে নিয়োগ বাতিল করতে পারবেন;
- (ঘ) বাংলাদেশের ভেতরে বা বাইরে আবহাওয়া অধিদপ্তরের কোন অফিস থাকলে/খোলা হলে এবং অস্থায়ীভাবে বদলি করা হলে কোন অতিরিক্ত পারিশ্রমিক ব্যতিরেকে তিনি কাজ করতে বাধ্য থাকবেন;
- (ঙ) বাংলাদেশ কর্মকমিশনের সুপারিশে বর্ণিত মেধাক্রম অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারিত হবে; এবং
- (চ) পত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারি প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য সকল বিধি-বিধান দ্বারা তীর চাকুরি নিয়ন্ত্রিত হবে।

২। চাকুরিতে যোগদানের পূর্বে তাকে নিম্নবর্ণিত প্রমাণকসমূহ দাখিল করতে হবে:

- (ক) ১ম শ্রেণীর ২জন গেজেটেড কর্মকর্তার নিকট থেকে প্রত্যয়নকৃত চারিত্রিক সনদপত্র (২ কপি);
- (খ) এসএসসিসহ সকল উচ্চতর পরীক্ষা পাশের সনদপত্রের সত্যায়িত অনুলিপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত); এবং
- (গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/ওয়ার্ড কাউন্সিলন কর্তৃক প্রদানকৃত স্থায়ী বাসভূমি প্রমাণের সনদপত্র।

৩। উল্লিখিত শর্তাবলীতে সম্মত হলে পত্র প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর বরাবর যোগদান করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে



নাসিম বানু
সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯১৪১৫৭১


E-mail: sec4@mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.০৪০.১৫.০৪৮.১৪.৪/১(৪)

তারিখ: ২২ পৌষ ১৪২২
৫ জানুয়ারি ২০১৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ (৭ জুলাই ২০১৫ তারিখের ৮০.৩০১(গোপনীয়)/অংশ-১৯৬৫/২০১৫/১১৫ সংখ্যক পত্র অনুযায়ী)
- ২। পরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পিএসসি'র সুপারিশ, পুলিশ তদন্ত প্রতিবেদন ও স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট প্রেরণ করা হল)
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, এইচবিএফসি ভবন, ২২, পুরানা পল্টন, ঢাকা
- ৪। উপ-পরিচালক, ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ৫। সিস্টেম এনালিস্ট, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)



নাসিম বানু
সিনিয়র সহকারী সচিব